

Christopher Groll
Chief Executive Officer,
Office of School Health
Tweed Courthouse
52 Chambers Street
New York, NY 10007

15 মার্চ, 2022

প্রিয় পরিবারবর্গ,

আপনি হয়তো জানেন যে, 5 -11 বয়সী নিউ ইয়র্কবাসীরা এখন বিনামূল্যে পিডিয়্যাট্রিক ফাইজার COVID-19 টিকা বা ভ্যাকসিন নিতে পারবে। এটি আপনার সন্তান, আপনার পরিবার, আপনার স্কুল কমিউনিটি, এবং পুরো সিটির স্বাস্থ্য ও সুরক্ষার জন্য একটি গুরুত্বপূর্ণ সংবাদ।

নিউ ইয়র্ক সিটি হেলথ ডিপার্টমেন্ট এবং NYC হেলথ + হসপিটাল/NYC টেস্ট অ্যান্ড ট্রেইস কোরের সাথে অংশীদারত্বে কিছু স্কুল সাইট - এর অন্তর্ভুক্ত আপনার সন্তানের স্কুল - এখন ভ্যাকসিন প্রদান করছে যাতে সহজে যতটা সম্ভব সুরক্ষিত থাকা যায়। অনুগ্রহ করে সংযুক্ত সূচি থেকে জেনে নিন কখন আপনার সন্তানের স্কুলে ভ্যাকসিন পাওয়া যাবে। অনুগ্রহ করে জেনে রাখুন যে, এই ভ্যাকসিনের সুযোগ শুধুমাত্র 5 -11 বছর বয়সী শিক্ষার্থীদের জন্য। 5 বছরের কম এবং 11 বছরের অধিক বয়সের রোগীদের দেখা হবে না।

আপনার সন্তানের জন্য টিকা বা ভ্যাকসিন গ্রহণ নিরাপদ, গোপনীয় ও সহজ। আপনার যা জানা প্রয়োজন তা এখানে দেয়া হলো:

- ভ্যাকসিন গ্রহণ করতে আপনাকে ইমিগ্রেশনের স্ট্যাটাস বা অবস্থার প্রমাণ বা সোশ্যাল সিকিউরিটি নম্বর দিতে হবে না। পরিচিতি শুধু বয়সের প্রমাণের জন্য প্রয়োজন।
- ভ্যাকসিন গ্রহণ করতে আপনার হেলথ ইনস্যুরেন্সের প্রয়োজন নেই।
- 5 থেকে 11 বছর বয়সী শিক্ষার্থীদের পিতামাতা অথবা অভিভাবক বা অন্য কোন প্রাপ্তবয়স্ক প্রযত্নপ্রদানকারী যিনি পিতামাতা অথবা অভিভাবক দ্বারা নিযুক্ত - তাদের সাথে ভ্যাকসিন সাইটে যেতে হবে। সম্মতি অবশ্যই প্রদান করতে হবে।
- ভ্যাকসিনের সাথে সম্পর্কিত সকল রেকর্ড ও তথ্যের গোপনীয়তা কঠোরভাবে মেনে চলা হয়।
- টিকা বা ভ্যাকসিন দেয়া হয় প্রশিক্ষিত পেশাদার স্বাস্থ্যকর্মীদের দ্বারা।
- সাইটে তাৎক্ষণিকভাবে টেলিফোনে বহুভাষায় দোভাষী পাওয়া যাবে।

সকল সাইট উভয় প্রথম এবং দ্বিতীয় পিডিয়্যাট্রিক ফাইজার ভ্যাকসিনেশন দিতে সক্ষম হবে। যদিও এইসব সাইটে ভ্যাকসিনেশন কঠোরভাবে 5-11 বছর বয়সীদের জন্য, তথাপি টেস্টিং সকল রোগী যাদের বয়স 4 এবং তার অধিক তাদের জন্য লভ্য থাকবে। PCR টেস্টসহ (ফলাফল ~48 ঘণ্টায়) এবং দ্রুত অ্যান্টিজেন টেস্ট (ফলাফল - 30 মিনিটে) - এসব টেস্টিং জনসাধারণের জন্য লভ্য থাকবে।

ভ্যাকসিন গ্রহণে জোর সুপারিশ করা হলেও তা বাধ্যতামূলক নয়। তবে সিটিব্যাপী ভ্যাকসিন প্রদান COVID-19 আক্রান্তের সংখ্যা নাটকীয়ভাবে কমিয়েছে যা সিটির সবকিছু পুনরায় খুলে দিতে, সশরীরে সমাবেশ করতে, একটি উজ্জ্বলতর ভবিষ্যত গড়তে সাহায্য করেছে।

এসব বাস্তব তথ্য নিয়ে আপনার কোনো প্রশ্ন থাকলে nyc.gov/covidvaccine ওয়েবসাইট দেখুন। আমরা আশা করছি যে আপনি দ্রুত আপনার সন্তানের ভ্যাকসিন গ্রহণের বিষয়টি বিবেচনা করবেন।

বিনীত,



চিফ এক্সিকিউটিভ অফিসার